দৈনিক বাংলা

তারিখ 02 APR 1993
পৃষ্ঠা ১ কলাম ৭

# আজ ভর্তি পরীক্ষা ঃ ১৩টি মেডিক্যাল কলেজে ১৩২৫ আসনে প্রার্থী ১২ হাজার

**স্টাফ রিপোর্টার ঃ** নতুন পাঁচটি মেডিক্যাল কলেজসহ ১৩টি মেডিক্যাল কলেজের ১৯৯২–৯৩ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা আজ (শুক্রবার) অনুষ্ঠিত হবে। মোট ১৩২৫টি আসনের বিপরীতে প্রায় ১২ হাজার ছাত্রছাত্রী ভর্তি পরীক্ষায় অংশ নিচ্ছেন। ঢাকায় ভর্তি পরীক্ষা হচ্ছে, ঢাকা বিশ্ববিদ্যালয় কলাভবন এবং প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে। সকাল নয়টা থেকে দশটা বিশ মিনিট পর্যন্ত ভর্তি পরীক্ষা হবে।

গত বছর মেডিক্যালে ভর্তিচ্ছু ছাত্র–ছাত্রীর সংখ্যা ছিল ১৪ হাজার। এবার প্রার্থীর সংখ্যা দুই হাজার কম। প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা মেডিক্যাল কলেজসমূহের আগে অনুষ্ঠিত হওয়ায় এবার মেডিক্যালে আবেদনকারী ছাত্রছাত্রীর সংখ্যা কিছু কম।